# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ ভারতের একটি কলেজের ভূগোল বিভাগের শিক্ষার্থীরা শিক্ষা সফরে জাপান যাওয়ার আমন্ত্রণ পায়। যাওয়ার পর তারা জাপান সম্পর্কে যে সব তথ্য পায়— তা নিজের দেশের তুলনায় ব্যাপক পার্থক্যমূলক।


ক. মহাদেশ কাকে বলে? ১

খ. মানব ভূগোলের কী কী গুরুত্ব রয়েছে? ব্যাখ্যা কর। ২


গ. শিক্ষার্থীরা যে দেশটিতে শিক্ষা সফরের আমন্ত্রণ পায় তার বর্ণনা দাও। ৩

ঘ. দুটি দেশের মধ্যে তারা যে পার্থক্য দেখতে পেয়েছে উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

২. ▶ চিত্রগুলো লক্ষ্য করো এবং উত্তর দাও।



চিত্র-A



চিত্র-B

ক. বয়োপিরামিড কাকে বলে? ১

খ. অভিগমন কত প্রকার? ব্যাখ্যা কর। ২

গ. বসতি হিসেবে চিত্র A এর ব্যাখ্যা দাও। ৩

ঘ. বসতি হিসেবে চিত্র A ও B এর পার্থক্য উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩. ▶ মধ্যপ্রাচ্যের দেশগুলো প্রাচীনকাল থেকে নিজেদের মধ্যে যুদ্ধ-বিগ্রহে লিপ্ত থেকে ঐক্য নষ্ট করছে। এগুলো দমনের নামে পশ্চিমাদেশগুলো এ অঞ্চলে অনুপ্রবেশ করে মূলত এ অঞ্চলের 'তরল স্বর্ণ' নামে খ্যাত খনিজসম্পদটির উপর আধিপত্য বিস্তার করছে। বিশ্ব বাণিজ্যে যা অত্যন্ত গুরুত্বপূর্ণ।


ক. OPEC কী? ১

খ. খনিজ সম্পদের ভূমিকা কী কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে খনিজ সম্পদ সম্পর্কে পশ্চিমা দেশগুলোর আগ্রহের কথা বলা হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত খনিজ সম্পদটির আন্তর্জাতিক বাণিজ্য উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪.▶ চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নের উত্তর দাও।




ক. পশু পালন কাকে বলে? ১

খ. প্রাথমিক শিল্প হিসাবে মৎস্য শিল্পের কী কী গুরুত্ব রয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. মানচিত্রে প্রদর্শিত গম উৎপাদনকারী অঞ্চল হিসেবে A অঞ্চলের বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের নির্দেশিত A ও B অঞ্চলের প্রধান কৃষিজপণ্য চাষের অনুকূল উপাদানের পার্থক্য উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫.▶ সাকিব বিশ্বকাপ ক্রিকেটে একটি পেসবল খেলতে গেলে বলটি বাউন্স করে তার ইস্পাত নির্মিত হেলমেটে লেগে সীমানা অতিক্রম করলো। এডেলেটের মাঠে বাংলাদেশী দর্শকরা আতঙ্কিত হলেও দেখা গেল ইস্পাত নির্মিত হেলমেটের কারণে সাকিব প্রচন্ড গতির বলের আঘাত থেকে বেঁচে গিয়েছে।


ক. কার্পাস বয়ন শিল্প কাকে বলে? ১

খ. বাংলাদেশের পোশাক শিল্পে নারী শ্রমিকের অবদান গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোচ্য পণ্যটি যে শিল্পে উৎপাদিত হয়েছে তার অনুকূল উপাদান ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত শিল্পে উন্নত যে কোন একটি দেশের এই শিল্পের বিশ্লেষণ কর। ৪

৬.▶ মানচিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র : বাংলাদেশের রপ্তানি বাণিজ্য—

ক. আন্তর্জাতিক বাণিজ্য কাকে বলে? ১

খ. বাংলাদেশের বাণিজ্যে অপ্রচলিত পণ্য কী কী? ব্যাখ্যা কর। ২

গ. মানচিত্রে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের কোন বিষয়টি দেখানো হয়েছে? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে দৃশ্যমান আমদানি কার্যক্রমে আমদানিকারক দেশগুলোর চাহিদার কোন কোন বিষয় গুরুত্ব পায় তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১ ।]*

**১. বাংলাদেশ কত ডিগ্রী দ্রাঘিমারেখায় অবস্থিত?**
ⓚ ৮৮°০১ পূর্ব — ৯২°৪১ পূর্ব
ⓚ ২৩°৮৪ পূর্ব — ২৬°৩৯ পূর্ব
ⓖ ৮৮°০১ পশ্চিম — ৯২°৪১ পূর্ব
ⓖ ৮৮°০১ পূর্ব — ২৬°৩৮ পূর্ব

**২. উত্তর গোলার্ধে অবস্থিত—**
i. ভারত ও যুক্তরাষ্ট্র ii. যুক্তরাষ্ট্র
iii. দক্ষিণ কোরিয়া ও জাপান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. কোনটি মানব ভূগোলের শাখা নয়?**
ক জনবসতি ভূগোল খ জনসংখ্যা ভূগোল
গ রাজনৈতিক ভূগোল ঘ প্রাকৃতিক ভূগোল

**অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
আনোয়ার সাহেব বাংলাদেশের ঢাকা জেলা থেকে দক্ষিণাঞ্চলে অবস্থিত বান্দরবান জেলায় ভ্রমণ করেছিলেন। তিনি সেখানকার ভূপ্রকৃতি, উদ্ভিদ ও প্রাণী থেকে ঢাকার ভূপ্রকৃতি উদ্ভিজ্জ ও প্রাণীর মধ্যে বৈচিত্র্যতা খুঁজে পান।

**৪. আনোয়ার সাহেবের ভ্রমণকৃত এলাকা কোন ধরনের ভূপ্রকৃতির আওতাভুক্ত?**
ক টারশিয়ারী যুগের ভূপ্রকৃতি
খ প্লাইস্টোসিন যুগের চত্তরসমূহ
গ সাম্প্রতিককালের প্লাবন সমভূমি
ঘ টারশিয়ারী প্লাইস্টোসিন যুগের চত্তরসমূহ

**৫. পাহাড়িয়া অঞ্চলের ভূপ্রকৃতির বৈশিষ্ট্য হলো—**
i. ভূমিগুলো নদী বিধৌত সমভূমি
ii. পার্বত্য সমভূমি
iii. বন্ধুর প্রকৃতির
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. বাংলাদেশের খনিজ সম্পদ ব্যবহৃত হয়—**
i. কৃষি উন্নয়নে ii. শিল্প উন্নয়নে
iii. সরকারী আয় বৃদ্ধিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৭. Migrate শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক ল্যাটিন খ গ্রিক
গ ফরাসি ঘ পর্তুগিজ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
দিবা গ্রামে তার দাদার বাড়ী গেল। সেখানে সে দেখলো পুরাতন একটি বট গাছের নিচে সপ্তাহে দুদিন বহু মানুষ কেনাবেচা করে।

**৮. দিবার দেখা পণ্য বিনিময়ের এ স্থানকে কী বলে?**
ক বাজার খ গ্রামীণ হাট
গ বাণিজ্যিক এলাকা ঘ শপিং মল

**৯. উদ্দীপকের স্থানটিতে—**
i. স্থায়ী দোকান ঘর থাকে
ii. দোকানে কোন ছাউনি থাকে না
iii. নিত্য ব্যবহার্য পণ্য ক্রয় বিক্রয় হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্ট অনুযায়ী উন্নয়নশীল দেশে প্রতি বছর কোন অসুখে ২ মিলিয়ন শিশু মারা যায়?**
ক এইডস খ ক্যান্সার
গ ফিবুলা ঘ ডাইরিয়া

**১১. তোমার এলাকায় জনসংখ্যা ৫,০০০ জন এবং আয়তন ৫ বর্গ কিলোমিটার হলে জনসংখ্যার ঘনত্ব কত হবে?**
ক ৫০০০/ বর্গ কি. মি.
খ ১০০০/ বর্গ কি. মি.
গ ৫০০ জন/ বর্গ কি. মি.
ঘ ১০০ জন/ বর্গ কি. মি.

**১২. উন্নয়নশীল দেশসমূহে জনসংখ্যা বৃদ্ধির কারণ—**
i. উচ্চ মৃত্যুহার ii. উচ্চ জন্মহার
iii. কম মৃত্যুহার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. কোন সংস্থাটি সদর দপ্তর জেনেভায় অবস্থিত?**
ক ASEAN খ WTO
গ AFTA ঘ G-8

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
শীতকালে বাংলাদেশের উত্তর পূর্বদিক থেকে মৌসুমী বায়ু প্রবাহিত হয় বলে এ সময়ে খুব কম বৃষ্টিপাত হয়। বৃষ্টিপাতের পরিমাণ ৫—১৫ মি. মি. এছাড়া এ সময় শীতের আমেজ অনুভূত হয়।

**১৪. বাংলাদেশের শীতকালের স্থায়ীত্বকাল—**
ক নভেম্বর-ফেব্রুয়ারি খ মার্চ-মে
গ জুন-আগস্ট ঘ সেপ্টেম্বর-অক্টোবর

**১৫. উক্ত ঋতুতে উৎপন্ন ফসল হচ্ছে—**
i. গম ii. পাট
iii. রবিশস্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. অবাধ অভিগমন ঘটার কারণ—**
i. উৎস স্থলের নানাবিধ অসুবিধা
ii. উৎস স্থলের নানাবিধ সুবিধা
iii. গন্তব্য স্থলে অধিকতর সুযোগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৭. রনি কানাডায় পড়াশুনা করতে গিয়ে সেখানে স্থায়ীভাবে বসবাস শুরু করে তার এই অভিগমনকে কী বলা হয়?**
ক বলপূর্বক খ উদ্বাস্তু
গ শরণার্থী ঘ অভ্যন্তরীণ অভিগমন

নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :

নিখিল সিলেটের সুনামগঞ্জ জেলায় বন্ধুর বাড়ী বেড়াতে গেল। সেখানে সে একটি সিমেন্ট কারখানা দেখতে পেল। ইহা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

১৮. নিখিলের দেখা সিমেন্ট কারখানায় কোন গ্যাস ক্ষেত্রের গ্যাস ব্যবহৃত হয়?
ⓚ তিতাস ⓚ হরিপুর
ⓖ রশিদপুর ⓖ কৈলাসটিলা

১৯. নিখিলের দেখা সিমেন্ট কারখানাটির নাম কী?
i. ছাতক ii. হরিপুর
iii. রশিদপুর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০. খুলনা বড় পুকুরিয়া বিদ্যুৎকেন্দ্রে জ্বালানী হিসাবে যথাক্রমে কী ব্যবহৃত হয়?
i. ফার্নস অয়েল ii. প্রাকৃতিক গ্যাস
iii. কয়লা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. একই জমিতে বিভিন্ন বছরে বিভিন্ন প্রকার ফসল চাষের ব্যবস্থাকে কী বলে?
ⓚ শস্যাবর্তন ⓚ সেচ
ⓖ ট্রাক ⓖ মিশ্র কৃষি

২২. কৃষিকাজে ভূপৃষ্ঠে পানির উৎস হল—
i. পুকুর ii. হাওড় ও বাওড়
iii. নদী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. পৃথিবীর মোট খনিজ তেলের শতকরা কত ভাগ মধ্যপ্রাচ্যে সঞ্চিত আছে?
ⓚ ৫০% ⓚ ৫৪%
ⓖ ৫২% ⓖ ৬৭%

অনুচ্ছেদটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

বর্তমান যান্ত্রিক সভ্যতার মূলে রয়েছে খনিজ ও শক্তি সম্পদ। সভ্যতার অগ্রগতির সাথে সাথে নতুন নতুন খনিজ সম্পদ ও শক্তির উৎস আবিষ্কৃত হয়েছে যা একটি দেশের অর্থনীতিকে ত্বরান্বিত করছে।

২৪. বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কোনটি?
ⓚ প্রাকৃতিক গ্যাস ⓚ খনিজ তেল
ⓖ সোনা ⓖ চুনাপাথর

২৫. নিচের কোনগুলো শক্তির উৎস?
i. খনিজ তেল, কয়লা, প্রাকৃতিক গ্যাস
ii. খনিজ তেল, দস্তা, নিকেল
iii. লৌহ আকরিক, কয়লা, তেল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৬. ছাতক সিমেন্ট কারখানার জন্য চুনাপাথর সংগ্রহ করা হয় সুনামগঞ্জের—
i. টেকেরঘাট থেকে ii. বাগলিবাজার থেকে
iii. লালঘাট থেকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৭. দেশের মোট চিনিকলের কয়টি রংপুর বিভাগে অবস্থিত?
ⓚ ৩টি ⓚ ৫টি
ⓖ ৬টি ⓖ ৮টি

২৮. বাংলাদেশের প্রথম সার কারখানা কোনটি?
ⓚ ফেঞ্চুগঞ্জ সার কারখানা
ⓚ ঘোড়াশাল সার কারখানা
ⓖ আশুগঞ্জ সার কারখানা
ⓖ চট্টগ্রাম ইউরিয়া সার কারখানা

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

রায়হান দেশের দক্ষিণাঞ্চলে গিয়ে দেখতে পেল সেখানকার বাড়ীর ভিতগুলো অনেক উঁচুতে নির্মাণ করা কিন্তু তাদের এলাকার বাড়ীর ভিতগুলো ভূমির সমান্তরালে।

২৯. উদ্দীপকে উল্লিখিত উঁচু ভিত নির্মাণ দুর্যোগ মোকাবিলার কোন পর্যায়ের অন্তর্গত?
ⓚ পূর্বপ্রস্তুতি ⓚ প্রতিরোধ
ⓖ প্রশমন ⓖ পুনরুদ্ধার

৩০. উক্ত অঞ্চলের বাড়ীর ভিতগুলো উঁচু হওয়ার কারণ—
i. ভূমিকম্প প্রবণ হওয়ায়
ii. ঘূর্ণিঝড় প্রবণ হওয়ায়
iii. বন্যা প্রবণ হওয়ায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩১. কোন গ্যাস বৃদ্ধির ফলে বায়ুমণ্ডলের ওজন স্তর ধ্বংস হচ্ছে?
ⓚ $SO_2$ ⓚ $H_2SO_4$
ⓖ $HNO_3$ ⓖ $CO_2$

৩২. বায়ুদূষণের ফলে কোন রোগটি হবার সম্ভাবনা নেই?
ⓚ হাপানী ⓚ শ্বাসকষ্ট
ⓖ ফুসফুসের ক্যান্সার ⓖ চর্মরোগ

৩৩. নীচের কোনটি ব্যবহার করে পরিবেশ বান্ধব উন্নয়ন ত্বরান্বিত করা যায়?
ⓚ অনবায়নযোগ্য শক্তি ⓚ নবায়নযোগ্য শক্তি
ⓖ পারমাণবিক শক্তি ⓖ নিউক্লিয়ার শক্তি

৩৪. পশ্চাৎ ভূমির বৈশিষ্ট্য—
i. নির্দিষ্ট আয়তন ii. জনঅধ্যুষিত এলাকা
iii. জনগণের ক্রয়ক্ষমতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৫. ২০০৭ থেকে ২০১২ সাল পর্যন্ত দেশের মোট জনশক্তির ৭০% এরও বেশি জনশক্তি রপ্তানি হয়েছে?
ⓚ ইউরোপীয় দেশসমূহে ⓚ মধ্যপ্রাচ্যের দেশসমূহে
ⓖ দক্ষিণপূর্ব এশিয়ার দেশসমূহে
ⓖ দূরপ্রাচ্যে

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | খ | | | | | | | | | | |